

# ଆজকের কাগজ

তাৰিখ ... 24 SEP 1995  
পৃষ্ঠা ... ৫ কলাম ... ২

16

## কয়রায় প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশনে অনিয়ন্ত্রে অভিযোগ

চুলনা জেলার কয়রা থানার অধিকাংশ নথমিরিত প্রাথমিক বিদ্যালয়কে ১৯৮৯ সালের রেজিস্ট্রেশন আইনের ৪ (২) ধারা উপেক্ষা করে রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। থানা শিক্ষা কর্মকর্তা এবং জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে উৎকাচের বিনিয়য়ে বিদ্যালয়গুলোর রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে বলে কথেক ডজন অভিযোগ রয়েছে। ভৌগোলিক পরিচয় হিসেবে কয়রা থানার আয়তন ১০২ বর্গকিলোমিটার। এখানে সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৫৪টি। ইতিমধ্যে আরো ৫০টি বিদ্যালয়কে রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে এবং আরো ১০/১২টি বিদ্যালয় রেজিঃ প্রাস্তির অপেক্ষায় রয়েছে। থানার ৭টি ইউনিয়নের মধ্যে মহেশুরীগুৰ

ইউনিয়নে ইতিমধ্যে ২০টিরও উপরে প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। আরো ৪/৫ টি রেজিস্ট্রেশনের অপেক্ষায় রয়েছে। এক বর্গকিলোমিটার আয়তনভুক্ত ধারে ৫/৬টি পর্যন্ত বিদ্যালয় রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। অথচ কাগজ কূলমে একটি বিদ্যালয় থেকে অপর বিদ্যালয়ের দূরত্ব দেখানো হয়েছে ২ থেকে আড়াই কিলোমিটার। অপরদিকে বিদ্যালয়গুলোতে উপস্থিত হয়ে দেখা গেছে, অক্তৃত ছাত্র-ছাত্রিদের সংখ্যা ১০/১২ অথচ থাতা-কলমে দেখানো হয়েছে ১৫০ থেকে ১৭০ জন। উক্তপর্যায়ের তদন্ত হলে সরকার প্রতি মাসে নাথ সাথ টাকার অপচয় থেকে রক্ষা পাবে। কয়রা থেকে মোজাফফর হোসেন শিমু।